গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
www.narsingdisadar.narsingdi.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৮৬০.০০০.১৭.০২৩.২৫-৯৪ তারিখঃ ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

১৪৩২ বঙ্গাব্দে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিঃ-

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রিস্টাব্দ মোতাবেক নরসিংদী সদর উপজেলাধীন নিম্নোক্ত হাট-বাজারগুলো ১৪৩২ বঙ্গাব্দে ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে ও সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক অফিস চলাকালীন সময় পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নরসিংদী সদর ও সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর এর কার্যালয়ে দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে বিক্রয় করা হবে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত তারিখ বেলা ০১.৩০ ঘটিকা পর্যন্ত কার্যালয়সমূহে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে। দরপত্রসমূহ ঐ দিনই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে বেলা ৩.০০ টায় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরদাতাগণকে দাখিলকৃত দরের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমের দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যয়িত টাকা জমাকারীর আবেদনের প্রেক্ষিতে ফেরত দেয়া হবে। দরপত্র গৃহীত হলে ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ (শতকরা ৭৫ ভাগ) পরিশোধ করতে হবে। ইজারা মূল্যের উপর ১০% হারে আয়কর এবং ১৫% হারে ভ্যাট অতিরিক্ত হিসাবে প্রদান করতে হবে। দরপত্রে কোন প্রকার ঘষা-মাজা বা ওভার রাইটিং করা যাবে না। দরদাতাগণকে বর্ণিত হাটের অবস্থা সম্পর্কে দরপত্র দাখিলের পূর্বেই অবহিত হওয়ার জন্য বলা হলো। আগ্রহী দরদাতাগণকে শর্তাবলিসহ বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা ওয়েব সাইট (www.narsingdisadar.narsingdi.gov.bd) ভিজিট করতে অনুরোধ করা হলো।

হাট-বাজারের বিবরণ

ক্র	হাট-বাজারের নাম	ইউনিয়ন	কাঙ্খিত সরকারী মূল্য (টাকা)	সিডিউল মূল্য (অফেরত যোগ্য)	ক্র	হাট-বাজারের নাম	ইউনিয়ন	কাঙ্খিত সরকারী মূল্য (টাকা)	সিডিউল মূল্য (অফেরত যোগ্য)
১	শেখেরচর বাজার	শীলমান্দী	৩৬,৩৭,৫৭০/-	৮,০০০/-	১০	ভাটপাড়া বাজার	পাঁচদোনা	৫,৯১০/-	৫০০/-
২	সাহেপ্রতাপ বাজার		১৯,৯৩০/-	৫০০/-	১১	নেহাব বাজার		৫,৬২৫/-	৫০০/-
৩	খরিয়া বাজার	কাঠালিয়া	৯,৫৭,৫৭০/-	২,৬০০/-	১২	চরপাড়া বাজার		৬,১১৫/-	৫০০/-
৪	পাঁচদোনা বাজার	মেহেরপাড়া	৫,২৩,২৯০/-	১,৮০০/-	১৩	চরদিঘলদী বাজার	চরদিঘলদী	৯,১৭০/-	৫০০/-
৫	আলগী বাজার	নুরালাপুর	৩,৪৯,১০০/-	১,৪০০/-	১৪	মেঘনা বাজার	পাইকারচর	৭,৮১০/-	৫০০/-
৬	রংপুর বাজার		৫৪,৭৩০/-	৫০০/-	১৫	করিমপুর বাজার	করিমপুর	১,৯১,১৫০/-	১,০০০/-
৭	পাকুরিয়া বাজার	আমিদয়া	১,২৯,৩২০/-	১,০০০/-	১৬	পঞ্চবটি বাজার		৫,৩০০/-	৫০০/-
৮	কান্দাইল বাজার		৩০,১৪০/-	৫০০/-	১৭	হাজীপুর কাঠ বাজার	হাজীপুর	৮৮,৩০৫/-	৫০০/-
৯	পাইকারদী বাজার		৫,৫৯০/-	৫০০/-					

দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের বিবরণীঃ

ক্র. নং	পর্যায়	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
০১.	১ম পর্যায়	১৬/০২/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৭/০২/২০২৫ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত	১৭/০২/২০২৫ খ্রি: বেলা ৩.০০ টা
০২.	২য় পর্যায় (১ম পর্যায়ে ইজারা না হলে)	০২/০৩/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৩/০৩/২০২৫ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত	০৩/০৩/২০২৫ খ্রি: বেলা ৩.০০ টা
০৩.	৩য় পর্যায় (২য় পর্যায়ে ইজারা না হলে)	১২/০৩/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	১৩/০৩/২০২৫ খ্রি: দুপুর ১.৩০ টা পর্যন্ত	১৩/০৩/২০২৫ খ্রি: বেলা ৩.০০ টা

শর্তাবলিঃ

১। বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তা, নরসিংদী সদর, নরসিংদী এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং অবশিষ্ট ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি কাঙ্খিত মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

চলমান পাতা-২

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না।
১০। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। অন্যথায় হাট-বাজারের দখল প্রদান করা হবে না।
১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।
১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক অবশিষ্ট জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩০/০১/২০২৫

আসমা জাহান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী
ফোনঃ ০২২২৪৪৫২৪৬৭
E-mail: unonarsingdi@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪১.৬৮৬০.০০০.১৭.০২৩.২৫-৯৪

তারিখঃ ১৬ মাঘ ১৪৩১ / ৩০ জানুয়ারি ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
০৪। উপজেলা নির্বাহী অফিসার, পলাশ/ শিবপুর/ মনোহরদী/ রায়পুরা/ বেলাব, নরসিংদী
০৫। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী সদর, নরসিংদী।
০৬। উপজেলা.. অফিসার (সকল), নরসিংদী সদর, নরসিংদী (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রদর্শনের অনুরোধসহ)।
০৭। উপজেলা ....অফিসার, নরসিংদী সদর, নরসিংদী ও সদস্য, দরপত্র মূল্যায়ণ কমিটি।
০৮। প্রশাসক/চেয়ারম্যান...........................ইউনিয়ন পরিষদ (সকল), নরসিংদী সদর, নরসিংদী (তাঁকে সংশ্লিষ্ট এলাকার হাট/বাজারে ঢোল সহরত/ মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সংশ্লিষ্ট) ....ইউনিয়ন ভূমি অফিস, নরসিংদী সদর, নরসিংদী (তাকে সংশ্লিষ্ট এলাকার হাট/ বাজারে ঢোল সহরত/মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারপূর্বক জারীর প্রতিবেদন যথাসময়ে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১০। সম্পাদক, ...পত্রিকা। (বর্ণিত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় আগামী .... তারিখ প্রকাশসহ ০৩ (তিন) কপি পত্রিকা এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
১১। জনাব ...., ইজারা গ্রহীতা, ... বাজার, নরসিংদী সদর, নরসিংদী।
১২। নোটিশ বোর্ড, এ কার্যালয়।

৩০/০১/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
নরসিংদী সদর, নরসিংদী